Prime Minister's meeting with Prime Minister of Norway

May 04, 2022

নবওমের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী কোপেনহেগেনে দ্বিতীয় ভারত–নর্ডিক বৈঠকের পাশাপাশি নরওয়ের প্রধানমন্ত্রী মিঃ জোনাস গহর স্টোর–এর সঙ্গে বৈঠক করেছেন । ২০২১ সালে অক্টোবরে প্রধানমন্ত্রী হিসেবে স্টোরের কার্যভার গ্রহণের পর এটিই ছিল দুই নেভার মধ্যে প্রথম বৈঠক ।

উভয় দেশের প্রধানমন্ত্রী দ্বিপাক্ষিক সম্পর্কের অধীনে বর্তমান কাজকর্ম নিয়ে পর্যালোচনা করেন এবং ভবিষ্যতে সহযোগিতার ক্ষেত্র নিয়ে আলোচনাও চালান । নরওয়ের দক্ষতা এবং ভারতের সম্ভাবনা স্বাভাবিকভাবেই একে অপরের পরিপূরক বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । দুই দেশের প্রধানমন্ত্রী সমুদ্র ভিত্তিক অর্থনীতি, পুনর্নবীকরণযোগ্য শক্তি, গ্রীন হাইড়োজেন, সৌর ও বায়ু প্রকল্প, গ্রীণ শিপিং, মৎস্য চাষ, জল ব্যবস্থাপনা, বৃষ্টির জল সংগ্রহ, মহাকাশ সহযোগিতা, দীর্ঘমেয়াদি পরিকাঠামো বিনিয়োগ, স্বাস্থ্য ও সংস্কৃতির মতো একাধিক ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদার করার বিষয় নিয়ে আলোচনা করেন ।

বৈঠকে আঞ্চলিক ও বিশ্বের উন্নয়ন নিয়েও আলোচনা হয় । রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য হিসেবে ভারত ও নরওয়ে পারস্পরিক স্বার্থে বিশ্বের নানান বিষয়ে রাষ্ট্রসংঘকে সহযোগিতা করে চলেছে ।

কোপেৰহেগেৰ

মে 04, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.